Amit Kundu. 25/04/2019 Arpita Chanda 25.4.19

# ST. LAWRENCE HIGH SCHOOL

FOR GOD AND COUNTRY

## 1st Term Examination Question-cum-Model Answer

**Sub:** BENGALI GRAMMAR & COMP. **Class:** 5A/5C **F. M.** 90

**Duration:** 2 HOURS 30 MINUTES **Date:** 29.04.2019

### বিভাগ - ক

১। **সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো ঃ (বাক্যটি লিখবে)** (১x৫=৫)

(১) বাঙালীদের মধ্যে কে প্রথম ব্যাকরণ বই লেখেন?

(খ) রামমোহন রায়

(২) বাংলায় মৌলিক স্বরধ্বনি কয়টি?

(খ) সাত

(৩) আদিমকালে মানুষ নিজের মনের ভাব বোঝাতো —

(ঘ) 'উই, আই, হিহি' আওয়াজ করে

(৪) বর্গীয় বর্ণ কয়টি?

(ক) ২৫টি

(৫) মাতৃভাষার কয়টি রূপ?

(গ) দুই

২। **বিশেষ্যপদকে বিশেষণ পদে পরিবর্তন করো ঃ-** (১x৮=৮)

সূর্য, পতন, লাভ, বিজ্ঞানী, ভারত, জয়, পরীক্ষা, গাছ

উঃ সূর্য - সৌর

পতন - পতিত

লাভ - লব্ধ

বিজ্ঞানী - বৈজ্ঞানিক

ভারত - ভারতীয়

জয় - জয়ী

পরীক্ষা - পরীক্ষিত

গাছ - গেছো

৩। **ডানদিকের সঙ্গে বামদিক মেলাও (সঠিক বিপরীতার্থক শব্দ) ঃ-** (১x৮=৮)

| | ডানদিক | | বামদিক |
|---|---|---|---|
| ১. | অস্পৃশ্য | - | স্পৃশ্য |
| ২. | রুদ্ধ | - | উন্মুক্ত |
| ৩. | স্বাধীন | - | পরাধীন |
| ৪. | পুণ্য | - | পাপ |
| ৫. | অবতরণ | - | আরোহন |
| ৬. | ধনী | - | দরিদ্র |
| ৭. | স্বর্গ | - | নরক |
| ৮. | অগ্র | - | পশ্চাৎ |

৪। একবচন থেকে বহুবচনে পরিবর্তন করো ঃ- (১x৪=৪)

মোর, আপনি, তুই, তাঁকে

উ ঃ মোর - মোদের

আপনি - আপনারা

তুই - তোরা

তাঁকে - তাঁদেরকে

## বিভাগ - খ

৫। **প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও ঃ-** (২x৫=১০)

(১) সন্ধি বিচ্ছেদ করো ঃ- সর্বাপেক্ষা, বিদ্যালয়

উ ঃ সর্বাপেক্ষা - সর্ব + অপেক্ষা

বিদ্যালয় - বিদ্যা + আলয়

(২) সন্ধি যুক্ত করো ঃ- অন্য + অন্য, দয়া + আর্দ্র

উঃ অন্য + অন্য = অন্যান্য

দয়া + আর্দ্র = দয়ার্দ্র

(৩) বাগযন্ত্র কাদের বলে? উদাহরণ দাও।

উঃ কথা বলার জন্য মুখের ভেতরের যে ছোট ছোট অঙ্গগুলির সাহায্য আমরা নিই, তাদের বলা হয় বাগযন্ত্র। যেমন - কণ্ঠ, তালু, মূর্ধা, দন্ত, ওষ্ঠ ইত্যাদি।

(৪) সত্য বা মিথ্যা লেখো ঃ-

উঃ (ক) বর্ণ হল ধ্বনির লিখিত রূপ — সত্য

(খ) বাংলা বর্ণমালার মোট ৪৭টি বর্ণ আছে — মিথ্যা

(৫) ধ্বনি ও বর্ণের মধ্যে দুটি পার্থক্য লেখো।

উঃ ধ্বনি হল বর্ণের উচ্চারিত রূপ আর বর্ণ হল ধ্বনির লিখিত রূপ।

ধ্বনি কানে শোনা যায় আর বর্ণ চোখে দেখা যায়।

৬। **যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও ঃ-** (৩x৫=১৫)

(১) ভাষা কি? টিয়া, ময়না, কাকাতুয়ার কথাকে ভাষা বলা যায় না কেন? (১+২)

উঃ ভাষা হল মনের ভাবপ্রকাশের মাধ্যম।

ওরা ভেবে নিজের থেকে কিছু বলে না, যা শেখানো হয় তাই বলে, ওদের কথা ভাষা নয় বুলি।

(২) ভাষা কাকে বলে? আমাদের মাতৃভাষা কি? (২+১)

উঃ ভাষা হল মনের ভাবপ্রকাশের জন্য মুখ থেকে উচ্চারিত অর্থযুক্ত শব্দ সমষ্টি।

আমাদের মাতৃভাষা বাংলা।

(৩) মৌলিক স্বর কাকে বলে? উদাহরণ দাও। (২+১)

উঃ যে স্বরধ্বনিকে আর ভাঙ্গা যায় না। যেমন — অ, আ, ই, উ, এ, অ্যা, ও।

(৪) অন্তঃস্থ বর্ণ কাকে বলে? উদাহরণ দাও। (২+১)

উঃ স্পর্শ বর্ণ ও উষ্মবর্ণের মধ্যে অবস্থানকারী বর্ণগুলি। যেমন — য, র, ল, ব।

(৫) অনুনাসিক বর্ণ কাকে বলে? উদাহরণ দাও। (২+১)

উঃ যে বর্ণগুলি উচ্চারণে নিঃশ্বাসবায়ু আংশিকভাবে নাসিকার মধ্যে দিয়ে প্রবাহিত হয়। যেমন — ঙ, ঞ, ণ, ন, ম।

(৬) স্বরধ্বনি কাকে বলে? উদাহরণ দাও। (২+১)

উঃ যে ধ্বনি অন্য ধ্বনির সাহায্য ছাড়াই উচ্চারিত হয়। যেমন — অ, আ, ই, ঈ ইত্যাদি।

(৭) অক্ষর কাকে বলে? উদাহরণ দাও। (২+১)

উঃ বাগযন্ত্রের সবচেয়ে কম চেষ্টায় শব্দের যতটা অংশ একসঙ্গে উচ্চারিত হয়। যেমন - বর্ণ - বর্‌-ণ।

## বিভাগঃ গ (৪০)

**১ যেকোন দুটিপ্রশ্নের উত্তর দাওঃ-(৫×২=১০)**

| | |
|---|---|
| ১.১ | সন্ধি কাকে বলে?সন্ধি কয় প্রকার ও কি কি তা সংজ্ঞা ও উদাহরণ সহ লেখো।<br><br>--দ্রুত উচ্চারণের জন্য পাশাপাশি অবস্থিত দুটি বর্ণ মিলিত হয়ে যখন একটি বর্ণে পরিণত হয় তাকে সন্ধি বলে। যেমন—বিদ্যা+আলয়=বিদ্যালয়।<br><br>সন্ধি তিন প্রকার। যথা—<br><br>১। স্বরসন্ধি—পাশাপাশি অবস্থিত দুটি স্বরবর্ণ মিলিত হয়ে যখন একটি স্বরবর্ণে পরিণত হয়,তাকে বলে স্বরসন্ধি। যেমন—জল+আশয়=জলাশয়।<br><br>২। ব্যঞ্জনসন্ধি—ব্যঞ্জনবর্ণের সঙ্গে স্বরবর্ণ ও ব্যঞ্জন বর্ণের যে সন্ধি হয়,তাকে ব্যঞ্জনসন্ধি বলে। যেমন—চলৎ+চিত্র=চলচ্চিত্র।<br><br>৩। বিসর্গসন্ধি-- বিসর্গের সঙ্গে স্বরবর্ণ ও ব্যঞ্জন বর্ণের যে সন্ধি হয়,তাকে বিসর্গ সন্ধি বলে।<br><br>যেমন--নিঃ+চয়=নিশ্চয়। |
| ১.২ | বচন কাকে বলে?বহুবচন বোঝানোর যে কোন তিনটি নিয়ম উদাহরণ সহ লেখো।<br><br>--যার দ্বারা ব্যক্তি,বস্তুর সংখ্যা বোঝানো হয়,তাকে বচন বলে। বহুবচন বোঝানোর যেকোন তিনটি নিয়ম উদাহরণ সহ লিখতে হবে। দ্রষ্টব্য-ভাষাবিচিত্রা-পৃষ্ঠা-৪৯ |
| ১.৩ | বচন কয় প্রকার ও কি কি তা সংজ্ঞা ও উদাহরণ সহ লেখো।<br><br>--বচন প্রধানত দুই প্রকার। যথা—একবচন,বহুবচন(সংজ্ঞা ও উদাহরণ)।এছাড়া দ্বিবচন-এর কথাও উল্লেখ করতে হবে। |

**২।যেকোন একটি বিষয়ে অনুচ্ছেদ লেখঃ-(১×১৫=১৫)**

**অনুচ্ছেদ পরিবর্তন না করে লিখতে হবে। বিষয়ের উপর আলোকপাত করতে হবে।**লেখার ক্ষেত্রে গুরুচন্ডালী দোষ কাঙ্খিত নয়।

২.১ প্রজাতন্ত্র দিবস।দ্রষ্টব্য-ভাষাবিচিত্রা-পৃষ্ঠা-১০১-১০৮

২.২ গাছের প্রয়োজনীয়তা।দ্রষ্টব্য-ভাষাবিচিত্রা-পৃষ্ঠা-১০১-১০৮

**৩।যেকোন একটি বিষয়ে পত্র রচনা করোঃ- (১×১৫=১৫)**

পত্রের বিষয়বসত্তুকে গ্রহণ করে নিদৃষ্ট শৈলী মেনে লিখতে হবে। পত্রে,নিজের ঠিকানা,তারিখ,পত্র প্রাপক এবং তার ঠিকানা যথাযথ স্থানে উল্লেখ করতে হবে। বিষয়বস্তু কে বিশদ ভাবে লিখতে হবে। লেখার ক্ষেত্রে গুরুচন্ডালী দোষ কাঙ্খিত নয়।

*********